# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়: বাসা নং- ৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৩৩৩৭ (অনুসন্ধান)
E-mail: chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd



গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে


স্মারক নং- ৬ষ্ঠ রেজিঃ/২০২৬/১৩৬৯ তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

১। ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন করা যাবে না।

৩। জাতীয় শিক্ষানীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর: তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

৪। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবে।

৫। ১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি. তারিখে ৬ষ্ঠ শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য রেজিস্ট্রেশনের জন্য প্রদান করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশতঃ কোন শিক্ষার্থী রেজিস্ট্রেশন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থী/অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর এন্ট্রি করতে হবে। প্রয়োজন হলে বোর্ড থেকে উক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা হবে।

৭। ফি জমাদান ও eSIF পুরণের তারিখ: ০৫/০২/২০২৬ থেকে ২৬/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।